

কাশিয়ানী উপজেলার জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিসুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা  
কমিটির সেক্টর -২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব সোহাগী রহমান মুক্তা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাশিয়ানী, গোপালগঞ্জ।

সভার তারিখঃ ১৬/০৯/২০২১ খ্রিঃ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ, কাশিয়ানী, গোপালগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর

ক্রঃনং	নাম	পদবী/ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	জনাবা সোহাগী রহমান মুক্তা	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	সভাপতি	
২	জনাব রথীন্দ্র নাথ বিশ্বাস	চেয়ারম্যান, সিংগা ইউপি	সদস্য	
৩	জনাব মিল্টন মিয়া	চেয়ারম্যান, রাজপাট ইউপি	সদস্য	
৪	জনাব মোঃ বদরুল আলম	চেয়ারম্যান, ওড়াকান্দি ইউপি	সদস্য	
৫	জনাব এম,এম মাহবুবুর রহমান	উপ-সহকারি প্রকৌশলী ডিপিএইচই	সদস্য সচিব	

সভার আলোচ্যসূচীঃ

১। গোপালগঞ্জ জেলায় পল্লী এলাকায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থায় উন্নয়ন শরীক প্রকল্প।

২। ওভার হেড ট্যাংকি।

৩। বিবিধ।


সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা উপরোল্লিখিত আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা শুরু করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারি
১	গোপালগঞ্জ জেলায় পল্লী এলাকায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থায় উন্নয়ন শরীক প্রকল্প।	আলোচনায় সদস্য সচিব জানান যে এই প্রকল্পের আওতায় কাশিয়ানী সদরে একটি ট্রিটমেন্ট প্লান্ট করা হচ্ছে যা মধুমতি নদী থেকে পাইপ লাইনের মাধ্যমে ট্রিটমেন্ট করে কাশিয়ানী সদরে পাইপ লাইনের মাধ্যমে সুপেয় পানি সরবরাহ সহ জনগণের মধ্যে কি ভাবে বন্টন করা যায় এ বিষয়ে অত্র এলাকার জনপ্রতিনিধিদের উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করা হয়।	হাউস কানেকশনের তালিকা প্রনয়ণ সহ সে মতাবেক কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা
২	ওভার হেড ট্যাংকি।	কাশিয়ানী উপজেলায় ছয়টি ইউনিয়নে উৎপাদক নলকূপের মাধ্যমে ওভার হেড ট্যাংকিতে পানি মজুত করে তা পাইপ লাইলে মাধ্যমে সুপিয় পানি গ্রহকের নিকট পৌছিয়ে দেয়া হবে।	চলমান প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা
৩	বিবিধ	উপরোক্ত আলোচ্যবিষয়গুলি যাতে যথাযথ ভাবে প্রতিপালন করা হয় সেজন্য সকলের নজরদারিতা রাখা ও সহযোগিতা কামনা করা হয়।		জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা

সভার গ্রহণকৃত সুপারিশগুলো মাসিক সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

অনুলিপি সদয় ও জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
কাশিয়ানী, গোপালগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিস, কাশিয়ানী, গোপালগঞ্জ।
- ৩। চেয়ারম্যান.....ইউপি।
- ৪। অফিস নথি।



(সোহাগী রহমান মুক্তা)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটি



(এম, এম মাহবুবুর রহমান)

জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা

ও

সদস্য সচিব

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটি